দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 9 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

# বান্দরবানে ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউটের ভিত্তি স্থাপন

বান্দরবান সংবাদদাতা ॥ গত ১০ই আগষ্ট বান্দরবান জেলা সদরের মেঘলাস্থ পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ের পশ্চিমে ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট (ভিটিআই) এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হইয়াছে।

ফ্যাসিলিটিজ বিভাগের তত্বাবধানে ৭০ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষ ভিটি আই এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান থোয়াইংচপ্রু মাষ্টার। প্রধান অতিথি ছিলেন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড চেয়ারম্যান বীর বাহাদুর এম পি। বর্তমানে দেশের ৬৪টি জেলার মধ্যে ১৩টি জেলায় ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট রহিয়াছে। আগামী ১ বছরের মধ্যে বান্দরবানস্থ ভিটিআই এর প্রাথমিক পর্যায়ের কাজ শেষ হইবে। ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে জেলা পরিষদ সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ইহাতে আঞ্চলিক পরিষদ সদস্য কাজল কান্তি দাস, পৌর চেয়ারম্যান মোঃ আয়ুব চৌধুরী অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ সিদ্দিকুর রহমান, অধ্যাপক থানজামা লুসাই, পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ইসমাইল, প্রকৌশলী উচপ্রু, জালাল উদ্দিন মোঃ শোয়েব ও মোঃ নজরুল হাকিম প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, এই প্রতিষ্ঠানটি স্থাপন করার ফলে পশ্চাৎপদ বান্দরবান জেলার ছাত্রছাত্রীদের কারিগরি জ্ঞান অর্জনের সুযোগ বৃদ্ধিসহ আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হইবে।